

## মতামত

### হায়েনার হিংস্র ছোবল থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়কে বাঁচান

দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা যখন গোল্লায় গেছে। শিক্ষার পবিত্র অংগনে যখন অস্ত্রের ঝনঝনি, চরদখলের মতো অবিরাম লড়াই। সেশন জটের ক্যাচকাকলে পড়ে ছাত্রদের জীবনের মূল্যবান বছরগুলো অবলিলা ক্রমে যখন বিনষ্ট হয়ে চলছে। অভিভাবকরা যখন এসব দেখে শুনে চরমভাবে উদ্ভিন্ন— তখন তারই পাশাপাশি ইসলামী বিশ্ববিদ্যালয় পড়াশুনা, পড়াশুনার পরিবেশ, সর্ময়মত পরীক্ষাগ্রহণ, যথা সময় সেশন শেষকরণ ইত্যাদি সর্বক্ষেত্রে এক অভূতপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছিল। কিন্তু এখানেও বিস্তৃত হতে

চলছে হায়েনার হিংস্র ছোবল। সেই শৃংখলা, সেই পূতপবিত্র পরিবেশ বিনষ্ট করার জন্য মেতে উঠেছে একদল কুচক্রি। সরকারী দল, বিরোধী দল, বুদ্ধিজীবী তথা দেশের সব বিবেকবান মানুষ যখন শিক্ষাঙ্গনে শান্তি পুনর্বহাল করা ও শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনবার উপায় উদ্ভাবনের চিন্তায় পেরেশান, চেষ্টায় নিবেদিত তখন একটা শান্ত শিক্ষাঙ্গনে অশান্তির আগুন জ্বালাবার অপচেষ্টায় উঠে পড়ে লেগেছে মুখচেনা একটি মহল। ষড়যন্ত্রের রাজনীতির বিষাক্ত ধোয়ায় আছন্ন করে দিতে চাইছে

৪-এর পৃঃ দেখুন